৮০

দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG. 23 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

## বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কাউন্সিলের সভা গত ২০শে আগষ্ট ঢাকাস্থ সরকারী সোহরাওয়ার্দী কলেজে পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খান ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সারা দেশ হইতে ২৩৩টি সরকারী কলেজের পাঁচ শতাধিক প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিষদের মহাসচিব অধ্যাপক মোঃ শাহজাহান মিয়া সভায় আত্তীকৃত শিক্ষকদের বর্তমান অবস্থান সম্পর্কে আলোকপাত করেন। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কতিপয় নেতার মামলার কারণে শিক্ষা ক্যাডারে অনির্দিষ্টকালের জন্য পদোন্নতি বন্ধ থাকায় এই সভা তীব্র ক্ষোভ ও নিন্দা জানায়। শিক্ষা সচিব ও মাউশি'র মহাপরিচালককে মামলাগুলি অতি দ্রুত নিষ্পত্তি করার অনুরোধ জানাইয়া শিক্ষা ক্যাডারে ক্যাডার ও নন-ক্যাডার দ্বন্দ্ব সৃষ্টি করিয়া বিভাজন তৈরী না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি সভা আহ্বান জানায়।